# জুলাই অভ্যুত্থানে শহীদের মায়ের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ


ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানে নিহত আব্দুল্লাহ বিন জাহিদের মা ফাতেমা তুজ জোহরা ক্যানসারে আক্রান্ত ছেলে মাহমুদুল্লাহ বিন জিসানকে নিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন।

মঙ্গলবার (৭ জুলাই) দুপুরে জাতীয় সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রীর দপ্তরে অনুষ্ঠিত এ সাক্ষাতে প্রধানমন্ত্রী তারেক রহমান জিসানের শারীরিক অবস্থার খোঁজখবর নেন। এ সময় ফাতেমা তুজ জোহরাকে একটি চাকরির ব্যবস্থা করে দেওয়ার আশ্বাসও দেন তিনি।

ফাতেমা তুজ জোহরার বড় ছেলে আব্দুল্লাহ বিন জাহিদ ২০২৪ সালের ৫ আগস্ট গুলিবিদ্ধ হয়ে নিহত হন। এর দুই সপ্তাহ পর ছোট ছেলে জিসানের ক্যানসার ধরা পড়ে। কয়েক মাসের ব্যবধানে স্বামীকেও হারান তিনি। এতে পরিবারটি চরম আর্থিক ও মানসিক সংকটে পড়ে।

পরে জিসানের চিকিৎসায় সহায়তার উদ্যোগ নেওয়া হয়। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমানের তত্ত্বাবধানে তার চিকিৎসার সমন্বয় করা হচ্ছে। একই সঙ্গে তারেক রহমান নিয়মিত চিকিৎসার অগ্রগতি সম্পর্কে খোঁজখবর নিচ্ছেন বলেও জানানো হয়েছে।

LENS ASIA